অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কমিউনিটি পরিচালিত, যুব-ভিত্তিক কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য যোগ্যতাসম্পন্ন নিউ ইয়র্ক স্টেট বন্দুক সহিংসতা প্রতিরোধ কর্মসূচির মূলধনের জন্য উপলভ্য 5 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন

দুই বছরের জন্য কমিউনিটি পরিচালিত যুব-ভিত্তিক কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য মূলধন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসের সহযোগিতায় তৃণমূল কিমিউনিটি ভিত্তিক সংস্থাগুলোকে সহায়তা করার জন্য একটি যোগ্য সংস্থার জন্য নিউ ইয়র্ক স্টেট মূলধনে 5 মিলিয়ন মার্কিন ডলার সরবরাহ করবে যা বন্দুকের সহিংসতার শিকার সর্বোচ্চ হারের এলাকায় যুবকদের জন্য স্থানীয় প্রোগ্রামিং তৈরি করে এবং বজায় রাখে। আগ্রহী প্রতিষ্ঠানগুলোকে আবেদনের জন্য আবেদনপত্র এখানে পূরণ করতে হবে। দুই বছর মেয়াদে উপলভ্য মূলধনের জন্য আবেদনের সময়সীমা 8 নভেম্বর 2023 পর্যন্ত।

"অযৌক্তিক বন্দুক সহিংসতার কারণে অনেক প্রাণ হারিয়েছে, তবে নিউ ইয়র্কে আমরা এটির সমাপ্তি নিশ্চিত করার জন্য কাজ করছি" **গভর্নর হোকল বলেন।** "এই মূলধন কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলিকে তাদের আশেপাশের ঝুঁকিপূর্ণ যুবকদের রাস্তা থেকে ও বন্দুক থেকে দূরে রাখতে সহায়তা করবে। আমার প্রশাসন আমার স্টেটকে আরও নিরাপদ করতে এবং সহিংসতার বিরুদ্ধে সুযোগে পরিপূর্ণ আমাদের যুবকদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

স্বাস্থ্য অধিদপ্তরের অফিস অব গান ভায়োলেন্স প্রিভেনশন (Office of Gun Violence Prevention, OGVP), অফিস অব হেলথ ইক্যুইটি অ্যান্ড হিউম্যান রাইটস (Office of Health Equity and Human Rights, OHEHR) এর অংশ, স্টেট ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) এর সাথে অংশীদারিত্ব করছে, কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোতে এই বিনিয়োগকে সহজতর করার জন্য আর্থিক, চুক্তিভিত্তিক ও প্রকল্প ব্যবস্থাপক হিসেবে কাজ করে এমন দুই সংস্থাকে দুই বছরের জন্য বার্ষিক 2.5 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করে।

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "যেহেতু বন্দুক সহিংসতা জীবন কেড়ে নিচ্ছে এবং কমিউনিটিগুলোকে বিচ্ছিন্ন করে দিচ্ছে, আমরা বন্দুক সহিংসতার মূল কারণগুলোকে মোকাবেলা করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা এই জনস্বাস্থ্যের

সংকট মোকাবেলায় গভর্নর হোকলকে তার অব্যাহত সহায়তা ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই। নিরাপদ নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য একটি নতুন, বিস্তৃত কৌশলের অংশ হিসেবে এই মূলধনে সুযোগ দেওয়ার জন্য ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত।"

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের কমিশনার রোসানা রোসাডো বলেন, "অনেক নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষ করে কিশোর ও তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য বন্দুক সহিংসতা একটি দৈনন্দিন বাস্তবতা। যদিও আমাদের স্থানীয় আইন প্রয়োগকারীরা ও কমিউনিটি অংশীদারগণ এই লড়াইয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, আমাদের কর্মসূচি ও পরিষেবাগুলিকে সহায়তা করার জন্য আরও কিছু করা দরকার যা তরুণদের শেখার, বেড়ে ওঠার ও উন্নতির সুযোগ প্রদান করে। আমি এটি করার জন্য স্বাস্থ্য বিভাগের সাথে অংশীদারিত্বের অপেক্ষায় রয়েছি।"

কমিউনিটি ইয়ুথ কর্মসূচিগুলো 12 থেকে 24 বছর বয়সী যুবকদের থেরাপিউটিক সহায়তা সহ বিভিন্ন পরিষেবা যেমন ব্যক্তিগত ও দলগত মানসিক স্বাস্থ্য ও আচরণগত পরামর্শ গ্রহণের অনুমতি প্রদান করবে; এছাড়াও তরুণরা স্টিম (STEAM)- বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, কলা ও গণিত -এবং আর্টস ক্রিয়াকলাপের পাশাপাশি বিনোদন ও খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ পাবে।

সুপ্রিম কোর্ট 23 জুন, 2023 *ব্রুয়েনে রায় জারি করার পরে,* গভর্নর হোকল আইন প্রণয়নের জন্য আইনসভার একটি বিশেষ অধিবেশন আহ্বান করেছিলে যা নিউ ইয়র্কের পিস্তল অনুমতি প্রক্রিয়াকে শক্তিশালী করে, বন্দুক সুরক্ষার জন্য একটি জাতীয় মডেল সরবরাহ করে এবং বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব প্রদান করে। এই নতুন আইনগুলোর মধ্যে রয়েছে ব্যাপক ব্যাকগ্রাউন্ড চেক এবং অগ্নেয়াত্র নিরাপত্তা এবং গোপন ক্যারি পারমিট পেতে যাওয়া ব্যক্তিদের জন্য লাইভ-ফায়ার প্রশিক্ষণের প্রয়োজনীয়তা। তারা গোপন ক্যারি পারমিটধারীদের স্কুল, সরকারী ভবন ও হাসপাতাল সহ সংবেদনশীল স্থানে তাদের অগ্নেয়াস্ত্র আনতে নিষেধ করেছে এবং প্রতি তিন বছর পর পার পারমিট নবায়ন অথবা পুনরায় প্রত্যয়ন করতে হয়। জনসাধারণ, বন্দুকের মালিক ও বন্দুক ব্যবসায়ীদের স্টেট আইনের অধীনে নতুন চাহিদা সম্পর্কে ব্যাপক তথ্য সরবরাহের জন্য নিউ ইয়র্ক স্টেট একটি বন্দুক সুরক্ষা ওয়েবসাইটও চালু করেছে।

গত বছর গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা ঘোষণা করেছিলেন যার মধ্যে কমিউনিটি নিরাপত্তার জন্য নিউ ইয়র্ক সিটি বন্দুক সহিংসতা প্রতিরোধ টাস্ক ফোর্স ব্লুপ্রিন্টের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। SNUG স্ট্রিট আউটরিচ এটি নিউ ইয়র্কে বন্দুক সহিংসতা কমানোর জন্য চলমান প্রচেষ্ঠার উপর নির্মিত, বন্দুক সহিংসতা ও সহিংস অপরাধকে লক্ষ্য করে একটি বিস্তৃত, বহুমুখী পরিকল্পনাকে সহায়তা করার জন্য 2024 সালের অর্থবছরের বাজেটে মোট 337 মিলিয়ন মার্কিন ডলারের অংশ, এর মধ্যে গান ইনভল্ভড ভায়োলেন্স এলিমিনেশন (Gun Involved Violence Elimination, GIVE) কর্মসূচি এবং উভয় ক্ষেত্রেই যথেষ্ঠ বিনিয়োগ অন্তর্ভুক্ত ছিল এবং এসব কর্মসূচি যা স্টেট ব্যাপী 14টি কমিউনিটির মধ্যে কাজ করে।

স্বাস্থ্য বিভাগের 5 মিলিয়ন মার্কিন ডলারের OGVP বিনিয়োগ DCJS বন্দুককে জড়িত সহিংসতা নির্মূলে অনেক বিচার ব্যবস্থাকে সহায়তা করবে। GIVE হলো নিউ ইয়র্ক স্টেটের শুটিং জনিত হত্যাকাণ্ড হ্রাস কৌশলের একটি অবিচ্ছেদ্য উপাদান এবং সহিংসতার সর্বোচ্চ হারযুক্ত কমিউনিটিগুলোতে অতিরিক্ত সংস্থান সরবরাহ করে। এই কাউন্টিগুলো ঐতিহাসিকভাবে নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক স্টেটে সংঘটিত সহিংস অপরাধের 80 শতাংশেরও বেশী দায়ী।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন